



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং: ETC/BTC/একাদশ/২০২১-২০২২/০০২

তারিখ: ১২/০৬/২০২৩ খ্রি.

বিষয়: ২০২১-'২২ শিক্ষাবর্ষে উচ্চমাধ্যমিক পর্যায়ে বিটিসি/সমতুল্য/প্রতিবন্ধী কোটায় ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন সম্পন্ন করার নিমিত্তে প্রয়োজনীয় তথ্যাদি প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২১-'২২ শিক্ষাবর্ষে উচ্চমাধ্যমিক পর্যায়ে বিটিসি/সমতুল্য/প্রতিবন্ধী কোটায় ভর্তিকৃত শিক্ষার্থীদের ম্যানুয়াল রেজিস্ট্রেশনের লক্ষ্যে ১২-০৬-২০২৩ হতে ২২-০৬-২০২৩ তারিখের মধ্যে ভর্তি সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি বোর্ডে প্রেরণের নির্দেশ প্রদান করা হলো।

উল্লেখ্য, বিটিসি'র মাধ্যমে ভর্তিকৃত শিক্ষার্থীর ০২(দুই) বোর্ডের ছাড়পত্রসহ মূল রেজিস্ট্রেশন কার্ড; সমতুল্য সনদের মাধ্যমে ভর্তিকৃত শিক্ষার্থীর সমতুল্য সনদ এবং প্রতিবন্ধী কোটায় ভর্তিকৃত শিক্ষার্থীর বোর্ডের অনুমতিপত্রসহ প্রতিবন্ধী সনদের অনুলিপি বোর্ডের কলেজ শাখার ৪০২ নম্বর কক্ষে (১নং ভবনের ৫ম তলা) প্রেরণ করতে হবে।

বিঃ দ্রঃ নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রেরণ না করলে সংশ্লিষ্ট শিক্ষার্থীর রেজিস্ট্রেশন সম্পন্ন হওয়ার বিষয়ে বোর্ড কর্তৃপক্ষ দায়ী থাকবেনা।

চেয়ারম্যানের আদেশক্রমে

প্রফেসর আবু তালেব মোঃ মোয়াজ্জেম হোসেন
কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ০২-৫৮৬১২৪৭৬

ইমেইল: ic@dhakaeducationboard.gov.bd

অধ্যক্ষ

অত্র বোর্ডের আওতাধীন উচ্চমাধ্যমিক পর্যায়ের সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ।

12-06-2023